

CA/Prin
স্বাক্ষর
মোহাম্মদ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সহকারী পরিচালকের কার্যালয়
শিক্ষা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, চট্টগ্রাম
ওয়েবসাইট: bmet.chittagong.gov.bd

স্মারক নং-১৯.০১.১৫০০.০০১.২০.০০৯.১৮- ২৬৬ (২০০)

তারিখ : ০১/০৩/২০১৮খ্রিঃ

বিষয় : প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের-২০১৮ সালের শিক্ষা বৃত্তির জন্য দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তি প্রেরণ প্রসঙ্গে


সূত্র : ১ ওআকবো এর স্মারক নং-৪৯০৪.০০০০.০৫০.১০.০০১.১৮(০৫)-৩১

তারিখঃ ১৫/০২/২০১৮খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে সদয় দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়বীন "ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড" কর্তৃক প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের মধ্যে যারা ২০১৭ সালে পিইসি/ সমমান, জেএসসি/সমমান, এইচএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে, তাঁদের নিকট থেকে শিক্ষা বৃত্তির দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তি খানি চসিক সকল ওয়ার্ড ও উপজেলা, পৌরসভা ও ইউনিয়ন পরিষদের মাধ্যমে সকল সম্মানিত প্রবাসীর পরিবারকে সদয় অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহোদয়ের নিকট বিজ্ঞপ্তি খানি এতদসঙ্গে প্রেরণ করা হ'ল (কপি সংযুক্ত)। উল্লেখ্য যে, বিজ্ঞপ্তি ও আবেদন ফরম www.wewb.gov.bd/www.chittagong.gov.bd ওয়েব সাইটে পাওয়া যাবে। বিজ্ঞপ্তি অনুসারে যথাযথভাবে আবেদনপত্র পূরণ পূর্বক আগামী ২৯ মার্চ ২০১৮খ্রিঃ তারিখের মধ্যে সরাসরি/ডাকযোগে পরিচালক (আইআরপি), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, রুম নং-৯১২, ৯ম তলা, প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইন্সটান গার্ডেন, ঢাকা পৌছাতে হবে।

সংলগ্নী : বিজ্ঞপ্তি ও আবেদন পত্র ২ (দুই) পাতা

- ✓ প্রধান নির্বাহী কর্মকর্তা, চসিক, চট্টগ্রাম
- ✓ জেলা প্রশাসক, চট্টগ্রাম
- ✓ উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ
জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম


মোহাম্মদ জাহিরুল আলম মজুমদার
সহকারী পরিচালক
ফোন-০২০৮৮১, ৭২১৬৩৯

কপি বিতরণ (সদয় কার্যার্থে) জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে :

- ১। রেজিষ্টার, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম
- ২। রেজিষ্টার, চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম
- ৩। অধ্যক্ষ, চট্টগ্রাম মেডিকেল কলেজ, চট্টগ্রাম
- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম
- ২। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), চট্টগ্রাম
- ৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল), চট্টগ্রাম
- ৪। জেলা শিক্ষা অফিসার (মাধ্যমিক), চট্টগ্রাম
- ৫। অধ্যক্ষ, বাংলাদেশ কোরিয়া কারিগরী প্রশিক্ষণ কেন্দ্র, চট্টগ্রাম
- ৬। অধ্যক্ষ, মহিলা কারিগরী প্রশিক্ষণ কেন্দ্র, চট্টগ্রাম
- ৭। উপ-প্রধান তথ্য অফিসার, আঞ্চলিক তথ্য অফিস, চট্টগ্রাম (বিজ্ঞপ্তিখানি সকল স্থানীয় পত্রিকায় সংবাদ আকারে প্রকাশের অনুরোধসহ)
- ৮। উপ-পরিচালক, জেলা তথ্য অফিস, আমবাগান, চট্টগ্রাম
- ৯।

কপি বিতরণ (সদয় জ্ঞাতার্থে) :

- ১। মহা-পরিচালক, বিএমইটি, ঢাকা দৃষ্টি আকর্ষণ : পরিচালক (প্রশাসন ও অর্থ), বিএমইটি, ঢাকা
- ২। মহা-পরিচালক, ওআকবো, ঢাকা দৃষ্টি আকর্ষণ : পরিচালক (আইআরপি), ওআকবো, ঢাকা
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব ও যুগ্ম-সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা
- ৫। জনাব মোঃ জাহিদ আনোয়ার, সহকারী পরিচালক(তথ্য ও জনসংযোগ), ওআকবো, ঢাকা
- ৬।, চট্টগ্রাম
- ৭। মাষ্টার নথি/২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নর্স কল্যাণ বোর্ড

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন

৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইন্সটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।

(www.wewb.gov.bd)

নম্বর- ৪৯.০৪.০০০০.০০৫.১০.০০১.১৮.(০৫)-৩১

তারিখ: ১৫-০২-২০১৮খ্রিঃ।

বিজ্ঞপ্তি

প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের জন্য শিক্ষাবৃত্তির দরখাস্ত আহ্বান

প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের মধ্যে যারা দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ৬ষ্ঠ শ্রেণি/সমমান, ৯ম শ্রেণি/সমমান এবং পাবলিক বিশ্ববিদ্যালয়/পাবলিক মেডিকেল কলেজে ১ম বর্ষ/১ম সেমিস্টারে অধ্যয়নরত তাদের মধ্য থেকে নির্ধারিত সংখ্যক শিক্ষার্থীকে বৃত্তি প্রদানের নিমিত্ত নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলী:

- (১) আবেদনকারীকে ২০১৭ সালে পিইসি/জেএসসি/এইচএসসি অথবা সমমান পরীক্ষার জিপিএ-৫ প্রাপ্ত হয়ে দেশের যে কোন শিক্ষা প্রতিষ্ঠানে ৬ষ্ঠ শ্রেণি/সমমান অথবা ৯ম শ্রেণি/সমমান অথবা পাবলিক বিশ্ববিদ্যালয়/পাবলিক মেডিকেল কলেজে ১ম বর্ষ/১ম সেমিস্টারে অধ্যয়নরত থাকতে হবে। তবে প্রবাসে বৈধভাবে কর্মরত অবস্থায় মৃত্যুবরণকারী কর্মীর সন্তানগণ জিপিএ-৪ প্রাপ্ত হলে আবেদন করতে পারবে;
- (২) বিএমইটির বর্হির্গমন ছাড়পত্র নিয়ে বিদেশ গমন করেছেন অথবা বিদেশে কর্মরত যে সকল কর্মী দূতাবাস/হাইকমিশনের মাধ্যমে ওয়েজ আর্নর্স কল্যাণ বোর্ডের মেধারশীপ গ্রহণ করেছেন সে সকল কর্মীর সন্তানগণ শিক্ষাবৃত্তির জন্য আবেদন করতে পারবে;
- (৩) প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীর পরিবার যারা ওয়েজ আর্নর্স কল্যাণ বোর্ড হতে আর্থিক অনুদান পেয়েছেন তাদের সন্তানগণও বৃত্তির জন্য আবেদন করতে পারবে;
- (৪) আর্থিকভাবে অশুভ প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের বৃত্তি প্রদানের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে;
- (৫) i) পিইসি/সমমান ক্যাটাগরিতে বৃত্তির জন্য মনোনীত শিক্ষার্থীদের ৬ষ্ঠ-৮ম শ্রেণি পর্যন্ত ৩ বছর মাসিক ৭০০/- (সাতশত) টাকা হারে, জেএসসি/সমমান ক্যাটাগরিতে মনোনীত শিক্ষার্থীদের ৯ম-১০ম শ্রেণি পর্যন্ত ২ বছর মাসিক ১০০০/- (এক হাজার) টাকা হারে এবং এইচএসসি/সমমান ক্যাটাগরিতে মনোনীত শিক্ষার্থীদের স্নাতক/সম্মান শ্রেণি পর্যন্ত ৪ বছর (প্রযোজ্য ক্ষেত্রে ৫ বছর) মাসিক ২০০০/- (দুই হাজার) টাকা হারে বৃত্তি প্রদান করা হবে। এক্ষেত্রে শিক্ষার্থীর সেশনজট বিবেচনায় আনা হবে না।
ii) উক্ত বৃত্তির সাথে বাৎসরিক এককালীন বই ক্রয়সহ অন্যান্য আনুষঙ্গিক খরচ হিসাবে পিইসি/সমমানের ক্ষেত্রে ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা, জেএসসি/সমমানের ক্ষেত্রে ২০০০/- (দুই হাজার) টাকা এবং এইচএসসি/সমমানের ক্ষেত্রে ৩০০০/- (তিন হাজার) টাকা প্রদান করা হবে;
- (৬) আবেদনপত্রের সঙ্গে নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবে:
 - i) পিতা/মাতা প্রবাসী কর্মী হওয়ার স্বপক্ষে আনুষঙ্গিক কাগজপত্রাদি (যেমন: পাসপোর্ট, ভিসা এবং বিএমইটির বর্হির্গমন ছাড়পত্র সম্বলিত পাসপোর্টের পৃষ্ঠা/স্মার্ট কার্ড অথবা ওয়েজ আর্নর্স কল্যাণ বোর্ডের মেধারশীপ গ্রহণকারী কর্মীর পাসপোর্ট ও ভিসার ফটোকপি);
 - ii) প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীর সন্তানদের ক্ষেত্রে দূতাবাস কর্তৃক ইস্যুকৃত NOC ও মৃত্যু সনদ;
 - iii) শিক্ষার্থীর ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি (প্রতিষ্ঠান প্রধান/বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে বিভাগীয় প্রধান কর্তৃক সত্যায়িত);
 - iv) পিইসি/জেএসসি/এইচএসসি অথবা সমমান পরীক্ষার মূল নম্বর পত্রের (মার্কশীট) সত্যায়িত ফটোকপি (প্রতিষ্ঠান প্রধান/বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে বিভাগীয় প্রধান কর্তৃক সত্যায়িত);
 - v) পরিবারের আর্থিক অশুভতার ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র এবং সিটি করপোরেশনের ক্ষেত্রে কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। যা সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা এবং সিটি করপোরেশনের ক্ষেত্রে আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা কর্তৃক প্রতীক্ষিত হতে হবে;
- (৭) আবেদনপত্র ওয়েজ আর্নর্স কল্যাণ বোর্ডের ওয়েবসাইট (www.wewb.gov.bd) হতে বিনামূল্যে সংগ্রহ করা যাবে;
- (৮) আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ আগামী ২৯ মার্চ, ২০১৮ তারিখের মধ্যে সরাসরি/ডাকযোগে পরিচালক (আইআরপি), ওয়েজ আর্নর্স কল্যাণ বোর্ড, রুম নং- ৯১২, ৯ম তলা, প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইন্সটন গার্ডেন, রমনা, ঢাকায় পৌঁছাতে হবে। উক্ত তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না;
- (৯) শিক্ষার্থীর মাতার (মাতার অনুপস্থিতিতে পিতা) ব্যবহৃত সঠিক মোবাইল নম্বর অবশ্যই ফরমে উল্লেখ করতে হবে;
- (১০) বৃত্তি প্রদান সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে;
- (১১) অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে;
- (১২) যে কোন তথ্যের জন্য জনাব মোঃ জাহিদ আনোয়ার, সহকারী পরিচালক, ওয়েজ আর্নর্স কল্যাণ বোর্ড, ঢাকা (ফোন: ০২-৪৯৩৫৪২৮৩) এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

(নূরুন আখতার)

উপ-সচিব

পরিচালক (আইআরপি)

d.irp@wewb.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 ওয়েজ আর্নিস কল্যাণ বোর্ড
 প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
 প্রবাসী কল্যাণ ভবন
 ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইন্সটান গার্ডেন, রমনা, ঢাকা।
 (www.wewb.gov.bd)

পাসপোর্ট সাইজের
 ৩৩ (তিন) কপি
 সত্যায়িত ছবি
 (প্রধান
 শিক্ষক/অধ্যক্ষ/
 বিভাগীয় প্রধান
 কর্তৃক)

পিইসি/জেএসসি/এসএসসি/এইচএসসি অথবা সমমান পরীক্ষায় উত্তীর্ণ প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের জন্য শিক্ষাবৃত্তির আবেদন ফরম

১. আবেদনকারী ছাত্র/ছাত্রীর নাম : বাংলায় :.....
 (স্পষ্ট অক্ষরে) ইংরেজি :.....
 শ্রেণি :....., রোল নম্বর :.....
 বিভাগ/গ্রুপ :....., বর্ষ/সেমিস্টার :.....
২. পিতার নাম :
৩. মাতার নাম :
৪. অভিভাবকের নাম ও সম্পর্ক : নাম :.....
 (পিতা/ মাতার অবর্তমানে) সম্পর্কঃ....., মোবাইল :
৫. জন্ম তারিখ ও বয়স : তারিখ :...../...../....., বয়স :
৬. অধ্যয়নরত প্রতিষ্ঠানের নাম, :
- ঠিকানা ও ফোন/মোবাইল নম্বর :
৭. পিইসি/জেএসসি/এসএসসি/এইচএসসি :
- অথবা সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ :
৮. বর্তমান ঠিকানা :
৯. স্থায়ী ঠিকানা : গ্রামঃ....., ডাকঘর :
- উপজেলাঃ....., জেলা :
১০. শিক্ষার্থীর মাতার মোবাইল নম্বর : মোবাইল :
- (মাতার অবর্তমানে পিতা) :
১১. শিক্ষার্থীর মোবাইল নম্বর (যদি থাকে) : মোবাইল :
১২. শিক্ষার্থীর পিতা/মাতার তথ্যাদি :

ক্রম	পাসপোর্ট নম্বর	দেশের নাম	কর্মস্থলের নাম- ঠিকানা	ফোন/ই-মেইল
১.				
২.				

সংযুক্তিঃ.....

তারিখঃ.....

ছাত্র/ছাত্রীর স্বাক্ষর

(শিক্ষার্থীর অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/বিভাগীয় প্রধান কর্তৃক পূরণ করতে হবে)

প্রত্যয়ন করা যাচ্ছে যে, (শিক্ষার্থীর নাম), পিতা :

মাতা : প্রতিষ্ঠানের একজন নিয়মিত ছাত্র/ছাত্রী। সে বর্তমানে শ্রেণি, রোল নম্বর :

বিভাগ/গ্রুপ : অধ্যয়নরত রয়েছে। আমার জানামতে সে উত্তম চরিত্রের অধিকারী এবং তার আচরন সন্তোষজনক।

১৩. প্রধান শিক্ষক/অধ্যক্ষ/ বিভাগীয় প্রধানের মোবাইল নম্বর.....

শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/বিভাগীয় প্রধানের স্বাক্ষর
 (নামযুক্ত সীলসহ)

বিঃ দ্রঃ সকল ক্রমিক নম্বরে আবশ্যিকভাবে তথ্য প্রদান করতে হবে। অসম্পূর্ণ তথ্যাদি এবং চাহিদাকৃত কাগজপত্রাদি দাখিল করতে ব্যর্থ হলে আবেদন পত্র বাতিল করা হবে।